

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত
(নিলাম ও ধ্বংস বিষয়ক কমিটি)
লালমনিরহাট।

নিলাম বিজ্ঞপ্তি

স্মারক নং : -অতিঃ চীফ জুডিঃ-ম্যাজিঃ-লাল/নিলাম/২০২৬-৮৮

তারিখঃ ০৪/১০/২০২৬ খ্রিঃ।

বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, লালমনিরহাট এর আদেশ মোতাবেক নিম্নবর্ণিত জব্দকৃত আলামত (কিছু সংখ্যক মোটর সাইকেল, একটি মাইক্রোবাস ও একটি প্রাইভেটকার) নিলাম ক্রয়ে আগ্রহী ব্যক্তি/ প্রতিষ্ঠানের নিকট থেকে মুখবন্দ খামে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র ফরম প্রাপ্তি ও দাখিলের স্থান	নাজির, নেজারত শাখা, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, লালমনিরহাট
দরপত্র ফরম বিতরণ ও দাখিলের তারিখ ও সময়	০৪/১০/২০২৬ খ্রিঃ হতে ১২/১০/২০২৬ খ্রিঃ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত
দরপত্র খাম উন্মুক্তের তারিখ, সময়	১৩/১০/২০২৬ খ্রিঃ বিকাল ৩.৩০ ঘটিকা।
দরপত্র খাম উন্মুক্তের স্থান	বিজ্ঞ অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত এর এজলাস কক্ষ।

আলামতের বিবরণ	১৪ টি বিভিন্ন কোম্পানির মোটর সাইকেল, সম্পূর্ণ পুড়ে যাওয়া ০২ টি মোটর সাইকেল, ০১ টি দুমড়ে মুচড়ে যাওয়া প্রাইভেট কার, ০১ টি মাইক্রোবাস, হাফ হাতা গ্যাঞ্জি ১১৭৫টি, ফুলহাতা গ্যাঞ্জি ৭৯৯ টি, ব্রেসিয়ার ১৫০৫ টি, ০৫ টি পুরাতন বাই সাইকেল, ০৪ টি ছোট পুরাতন ব্যাটারী, ০২ টি পুরাতন চাকা, ০৩ টি পুরাতন টায়ার, ০৬ অটো খুগার জগ। (প্রত্যেক শিডিউল এর সাথে মালামালের বিস্তারিত তালিকা সরবরাহ করা হবে)
দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি ও আলামত পরিদর্শনের স্থান	জনাব মোঃ জমির উদ্দিন, কোর্ট সিএসআই, জিআরও শাখা, লালমনিরহাট, যেখানে যে অবস্থায় আছে

শর্তাবলী :

- প্রতি সেট দরপত্র নাজির, নেজারত শাখা, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, লালমনিরহাট থেকে অফেরত যোগ্য নগদ ১০০/- টাকার বিনিময়ে সংগ্রহ করতে হবে এবং সংরক্ষিত মূল্যের উর্ধ্বে দর দাখিল পূর্বক দরপত্রে বর্ণিত শর্ত মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্র সহ মুখ বন্দ খামে নির্ধারিত বক্সে আগ্রহী ব্যক্তিকে স্বহস্তে এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিজস্ব প্যাডে প্রদত্ত ক্ষমতা পত্র মূলে মনোনীত প্রতিনিধির মাধ্যমে দরপত্র দাখিল করতে হবে।
- নিলাম ক্রয়ে ইচ্ছুক ব্যক্তিকে সংরক্ষিত মূল্য জামানত হিসাবে নগদ জমা দিয়ে জমা রশিদ গ্রহণ করতে হবে।
- দরপত্র খাম উন্মুক্ত করার সময় দরদাতাকে সশরীরে উপস্থিত থাকতে হবে এবং সর্বোচ্চ দরদাতাকে আগামী ১৪/১০/২০২৬ খ্রিঃ তারিখ দুপুর ১.০০ ঘটিকার মধ্যে ডাককৃত নিলাম মূল্য ও উক্ত মূল্যের উপর বিধি মোতাবেক ১৫% ভ্যাট (মুক) ও ১০% আয়কর (উৎসকর) সংশ্লিষ্ট কোডে চালান মূলে জমা প্রদান করতে হবে।
- সর্বোচ্চ দরদাতাকে নিলাম ক্রয় সংক্রান্ত সকল বিধি বিধান মেনে নিতে হবে। ১৪/১০/২০২৬ খ্রিঃ তারিখ ডাককৃত নিলাম মূল্য পরিশোধের ব্যর্থতায় তার জমাকৃত জামানত বাজেয়াপ্ত হবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে তার ডাককৃত মূল্য পরিশোধ করার জন্য আহ্বান করা হবে। তিনি নিলাম মূল্য পরিশোধে ব্যর্থ হলে তার জমাকৃত জামানত বাজেয়াপ্ত হবে।
- যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ বৌক্তিক কারণে যে কোন দরপত্র গ্রহণ/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- দরপত্র সংগ্রহ ও দাখিল সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যের জন্য নিম্ন লিখিত নম্বর সমূহে যোগাযোগ করার যাবে। (নাজির, জনাব মোঃ আব্দুল মতিন মন্ডল, মোবাইল নং-০১৭১৮-৯৭১৩৯৮)(সিএসআই, জনাব মোঃ জমির উদ্দিন, মোবাইল নং- ০১৭৮৭-৫৬৬৯১৫)
পুরো নিলাম কার্যক্রমে ইউনিফর্মধারী এবং সাদা পোশাকে আইন শৃঙ্খলা বাহিনীর সদস্যগণ সার্বিক নিরাপত্তায় নিয়োজিত থাকবে।


স্বাক্ষরিত/=
(মোঃ নিয়াজ মাখদুম)
সভাপতি
নিলাম ও ধ্বংস বিষয়ক কমিটি
ও
অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
লালমনিরহাট।

স্মারক নং : - অতিঃ চীফ জুডিঃ-ম্যাজিঃ-লাল/নিলাম/২০২৬-৮৮ (১০);

তারিখঃ ০৪/১০/২০২৬ খ্রিঃ।

বহুল প্রচারের নিমিত্তে আপনার অফিসের নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধ করা হলো :

- ০১। মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ, লালমনিরহাট।
- ০২। মাননীয় চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট।
- ০৩। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট
- ০৪। পুলিশ সুপার, লালমনিরহাট।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, লালমনিরহাট।
- ০৬। সিভিল সার্জন, লালমনিরহাট
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট।
- ০৮। জেলা তথ্য অফিসার, লালমনিরহাট (মাইকিং করে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ০৯। অফিসার ইনচার্জ, সদর থানা, লালমনিরহাট
- ১০। অফিস কপি/ফাইল।


(মোঃ নিয়াজ মাখদুম)
সভাপতি
নিলাম ও ধ্বংস বিষয়ক কমিটি
ও
অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
লালমনিরহাট।